



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সিনেটের প্রশাসনিক নিয়োগ নিশ্চিতকরণের ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে সিনেট কর্তৃক দুইটি প্রশাসনিক নিয়োগের নিশ্চিতকরণ ঘোষণা করেছেন। ওয়াল্টার টি. মোসলেকে সেক্রেটারি অভ স্টেট এবং রবার্ট জে. রদ্রিগেজকে নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথরিটির (Dormitory Authority of the State of New York) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে নিশ্চিত করা হয়েছে।

“যেহেতু আমরা নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী, আরো বাসযোগ্য এবং নিরাপদ করার জন্য কাজ করছি, তাই এই নীতিগুলো সরবরাহ করার জন্য দক্ষতা এবং অভিজ্ঞতা সহ একটি মন্ত্রিসভা থাকা গুরুত্বপূর্ণ,” **গভর্নর হোকল বলেন**। “ওয়াল্টার মোসলে ও রবার্ট রদ্রিগেজ প্রতিভাবান সরকারি কর্মচারী যারা স্টেট সরকারকে বোঝেন এবং আমি সমস্ত নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার উন্নতির উপায় নিয়ে তাদের সাথে কাজ করার প্রত্যাশায় রয়েছি।”

ওয়াল্টার টি মসলি 2013 থেকে 2020 পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে দায়িত্ব পালন করেছেন, তিনি ফোর্ট গ্রিন, ক্লিন্টন হিল, প্রস্পেক্ট হাইটস এবং বেডফোর্ড স্টুইভেস্যান্ট এবং ক্রাউন হাইটসের কিছু অংশের এলাকাসমূহসহ সেন্ট্রাল ব্রুকলিনের কমিউনিটিসমূহের প্রতিনিধিত্ব করেছেন। জনাব মসলি কৃষ্ণাঙ্গ, পুয়ের্তো রিকান, হিস্প্যানিক এবং এশিয়ান বিধানিক ককাস (Black, Puerto Rican, Hispanic & Asian Legislative Caucus, BPHA), হিস্প্যানিক টাস্ক ফোর্স (Hispanic Task Force), এবং ইহুদি ককাসের (Jewish Caucus) একজন সদস্য। এছাড়াও তিনি BPHA এর মারিজুয়ানা নিয়ন্ত্রণ (Marijuana Regulation) ও গাঁজা সংক্রান্ত কর টাস্ক ফোর্সের (Taxation Task Force on Cannabis) সহপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। একজন BPHA ককাস সদস্য হিসেবে জনাব মসলি দ্বিতীয় ভাইস চেয়ার এবং বাজেট চেয়ার হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব মসলির সরকারি চাকরির দীর্ঘ ইতিহাস রয়েছে, 2013 সালে নিউ ইয়র্ক আইনসভার সদস্য হওয়ার পূর্বে তিনি নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে (New York City Council) একজন বিধানিক বিশ্লেষক এবং তদারকি তদন্তকারী হিসেবে, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে সিনিয়র কনসালটেন্ট হিসেবে, এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির ডেপুটি স্পিকারের সিনিয়র উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব মসলি পেনসিলভ্যানিয়া স্টেট ইউনিভার্সিটি (Pennsylvania State University) থেকে একটি ব্যাচেলর্স ডিগ্রি এবং হাওয়ার্ড ইউনিভার্সিটি থেকে একটি আইন ডিগ্রি অর্জন করেছেন। জনাব মসলি বর্তমানে ক্যাপিটাল রিজিয়নে বাস করেন।

রবার্ট জে. রদ্রিগেজ দুই বছরের বেশি সময় ধরে সেক্রেটারি অভ স্টেট হিসাবে পরিষেবা প্রদান করেন, যেখানে তিনি স্টেট ডিপার্টমেন্টের (Department of State) তত্ত্বাবধান করেন এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি উন্নত মানের জীবন প্রদান এবং সুযোগগুলো প্রসারিত করার জন্য উদ্যোগগুলোকে উন্নত করেন। প্রশাসনে যোগদানের আগে, মিস্টার রদ্রিগেজ 11 বছর ধরে নিউ ইয়র্ক

স্টেটের অ্যাসেম্বলির সদস্য হিসাবে দায়িত্ব পালন করেছিলেন, অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 68-এর প্রতিনিধিত্ব করেছিলেন, যেখানে তিনি সাশ্রয়ী মূল্যের আবাসন সুরক্ষা এবং তৈরি করা, কমিউনিটির মধ্যে ভালো চাকরি নিয়ে আসা এবং শিশুরা যাতে একটি মানসম্মত শিক্ষা পেয়ে থাকে তা নিশ্চিত করার উপর দৃষ্টি নিবন্ধন করেছিলেন। তিনি লেজিসলেটিভ টাস্ক ফোর্স অন ডেমোগ্রাফিক রিসার্চ এন্ড রিঅ্যাপোর্শনমেন্ট (Legislative Task Force on Demographic Research and Reapportionment) এর সহ-সভাপতি, অবকাঠামো সংক্রান্ত অ্যাসেম্বলির সাব-কমিটির প্রতিষ্ঠাতা সভাপতি এবং পথ ও উপায়, আবাসন, শ্রম, ব্যাংকিং, কর্পোরেশন ও কর্তৃপক্ষ এবং মানসিক স্বাস্থ্য বিষয়ক কমিটিগুলির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

মিঃ রদ্রিগেজ পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (Public Financial Management) ডিরেক্টর, A.C. অ্যাডভাইজরি, ইনক. (A.C. Advisory, Inc.)-এর একজন ভাইস-প্রেসিডেন্ট হিসেবে বেসরকারি খাতের পদগুলি ধারণ করেছিলেন এবং ব্লুমবার্গ এলপি (Bloomberg LP)-তে বিভিন্ন ব্যবস্থাপনা ও কার্যপরিচালনা সংক্রান্ত পদে অধিষ্ঠিত ছিলেন। এছাড়াও, তিনি ম্যানহাটন কমিউনিটি বোর্ড 11 (Manhattan Community Board 11)-এর সভাপতি এবং আপার ম্যানহাটন এমপাওয়ারমেন্ট জোন (Upper Manhattan Empowerment Zone)-এর পরিচালনা পর্ষদের একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করা সহ বেশ কিছু স্বেচ্ছাসেবী বোর্ডে দায়িত্ব পালন করেছেন।

মিস্টার রদ্রিগেজ ইয়েল ইউনিভার্সিটির (Yale University) একজন গ্র্যাজুয়েট, যেখানে তিনি ইতিহাস ও রাজনীতি বিজ্ঞান বিষয়ে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেন এবং তিনি নিউ ইয়র্ক ইউনিভার্সিটির (New York University) স্টার্ন বিজনেস স্কুলেরও একজন গ্র্যাজুয়েট যেখানে তিনি ফিন্যান্স বিষয়ে MBA ডিগ্রি অর্জন করেন। এছাড়াও তিনি নিউ আমেরিকা অ্যালায়েন্সের (New America Alliance) একজন উদীয়মান নেতা এবং একজন কাউন্সিল ফর আরবান প্রফেশনালসের (Council for Urban Professionals, CUP) সহকর্মী।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)